গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫৬১ তারিখঃ ১১/০৫/২০১৮খ্রিঃ
সময়ঃ রাত ৯.০০ টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন। (২য়বার)

সমূদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

(সংশোধিত) আজ রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমুহের জন্য আবহাওয়ার পুর্বাভাস : রাজশাহী, পাবনা, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিলস্না এবং চট্টগ্রাম অঞ্চলসমুহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বা আরও অধিক বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো/দমকা হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমুহকে ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে। এছাড়া দেশের অন্যত্র পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমুহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পুর্বাভাসঃ

পুর্বাভাসঃ ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও রংপুর বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা অথবা ঝড়ো হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ ও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা ঃ সামান্য পরিবর্তন হতে পারে।

২৪ ঘন্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (আজ সকাল ০৬ টা পর্যন্ত) :

ষ্টেশন	বৃষ্টিপাত মিঃমিঃ)	ষ্টেশন	বৃষ্টিপাত (মিঃমিঃ)	ষ্টেশন	বৃষ্টিপাত (মিঃমিঃ)
ঢাকা	১৫	চাঁদপুর	৪০	শ্রীমংগল	৩৬
সন্দ্বীপ	৬১	কুমিল্লা	২৪	সিলেট	৩৯
সীতাকুন্ড	২৮	ফেনী	৩৪	তেঁতুলিয়া	১৭
রাংগামাটি	১৬	মংলা	২৫	ডিমলা	৫০
রাজারহাট	৪০	সাতক্ষীরা	৩৯	চুয়াডাংগা	৪১
কুমারখালী	৩৪	পটুয়াখালী	১৯	খুলনা	১৩

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্রগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.২	২৭.০	৩৪.২	২৮.৪	৩৪.০	৩১.২	৩৫.০	৩৪.৮
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.৮	১৬.০	২০.৫	১৮.৭	২১.৬	১৮.১	১৯.৫	২৩.১

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা মংলা ৩৫.০° এবং সর্বনিম্ন নেত্রকোনা ১৬.০°সেঃ।

নদ-নদীর সর্বশেষ অবস্থা:

অদ্য নিম্নবর্ণিত ১৩ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

ক্রঃ নং	জেলার নাম	নদীর নাম	স্টেশনের নাম	গত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে (সে.মি.)
১	সিলেট	সুরমা	কানাইঘাট	-১২	১+১২
২	সিলেট	সুরমা	সিলেট	-১	৯+৬
৩	সিলেট	কুশিয়ারা	অমলশীদ	+৬	১+৫২
৪	সিলেট	কুশিয়ারা	শেওলা	৭+	১+৭৩
৫	মৌলভীবাজার	কুশিয়ারা	শেরপুর-সিলেট	১৮+	+৭৫
৬	সুনামগঞ্জ	কুশিয়ারা	ফেঞ্চুগঞ্জ	+২৬	+১৬৮
৭	সুনামগঞ্জ	কুশিয়ারা	মারকুলি	-১	+১৩০
৮	মৌলভীবাজার	মনু	মৌলভীবাজার	-২২	+১৩৮
৯	মৌঃবাজার	সুতং	সুতং রেল ব্রীজ	+৩৯	+১৩৭
১০	নেত্রকোনা	কংস	জারিয়া জাঞ্জাইল	+৯৭	+২৫৬
১১	সুনামগঞ্জ	কালনী	আজমীরীগঞ্জ	+৩	+১৫২
১২	নেত্রকোনা	বাউলাই	খালিয়াজুড়ি	+৬	+৪৮
১৩	নেত্রকোনা	সুমেশ্বরী	কলমাকান্দা	-১	+২৭

কালবৈশাখীঝড়:

নীলফামারী:জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা নীলফামারী জানান,গতকাল রাত প্রায় ৯টার দিকে নীলফামারী জেলায় কালবৈশাখী ঝড় ওবজ্রসহশিলা বৃষ্টিহয়।ঝড়ে গাছের চাপা পড়ে, জল ঢাকা উপজেলায় ৩জন ওডোমার উপজেলায় ৩জনসহ মোট ৬জন লোক মারা যায়।এ ছাড়াও ঘরবাড়ী,গাছপালা এবংফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন, কর্তৃক মৃত ৬ ব্যক্তির পরিবারদেরকে ১৫,০০০/- করে টাকা এবং ৩০ কেজি করে চাউল প্রদান করা হয়েছে।বিস্তারিত তিনি পরে জানাবেন।

ঢাকা: **জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ঢাকা জানান,আজ সকাল ৯.৪১মিনিটের সময় ধানমন্ডি লেকের পাড়ে একটিকৃষনোচুড়া গাছ প্রকৌশলী মোস্তাফিজুর রহমানের গায়ের উপর হেলে পড়ে তিনি মারা যান। তিনি প্রধান মন্ত্রী কার্যালয়ের অধীন ইনভেষ্টমেন্ট ডেপলোপমেন্ট অথোরিটিতে চাকুরী করেন।**

নেত্রকোনা: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা নেত্রকোনা জানান,আজ সকালে নেত্রকোনা জেলায় এক কালবৈশাখী ঝড় বয়ে যায়। ঝড়ে নেত্রকোনা পৌরসভাসহ সদর উপজেলার ৮টি ইউনিয়নে ১৮০০টিঘরবাড়ী(আংশিক)ও২০০ টিঘরবাড়ী (সম্পূর্ণ)ক্ষতিগ্রস্ত হয় এবং পূর্বধলা উপজেলার ৬টি ইউনিয়নে ২৫০টি ঘরবাড়ী(আংশিক)ও ৪৩৪টি ঘরবাড়ী (সম্পূর্ণ) ও ২৪৫৬ জন লোকক্ষতি গ্রস্ত হয়।সদর উপজেলার লক্ষীগঞ্জ ইউনিয়নে ঝড়ে একজন লোক আহতহয়।বিস্তারিত তিনি পরে জানাবেন।

হবিগঞ্জ:জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা হবিগঞ্জ জানান,আজ সকাল ৯টার দিকে হবিগঞ্জ জেলায় এক কালবৈশাখী ঝড় বয়ে যায়। ঝড়ে ২ জন লোক আহত হয় এবং শতাধিক ঘরবাড়ী ও ফসলের ক্ষতি হয়েছে।

বজ্রপাতে মৃত্যুর তথ্যাদিঃ

অদ্য ১১.০৫.২০১৮খ্রিঃ তারিখ কুড়িগ্রাম, নেত্রকোনা, মেহেরপুরও ফেনী জেলায় বজ্রপাতে মোট ৪ জন মৃত্যুবরণ করেছে।

ক্রঃ নং	জেলার নাম	মৃতের সংখ্যা	আহত	মৃত ব্যক্তিদের নাম, ঠিকানা এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে গৃহীত কার্যক্রম
১।	**কুড়িগ্রাম**	১		আব্দুল আওয়াল(২৩),পিতা-আব্দুল খালেক,গ্রাম-নজরমামুদ,ইউনিয়ন-ভাংগামোর,উপজেলা-ফুলবাড়ী,জেলা-কুড়িগ্রাম। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন, কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ১০,০০০/- টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

২	**নেত্রকোনা**	১		আ:মালেক(৫০), পিতা-মৃত মাহমুদ হোসেন,গ্রাম-কাটাখালী, ইউনিয়ন-আমতলা,উপজেলা-নেত্রকোনা সদর,জেলা-নেত্রকোনা। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে।
৩।	**মেহেরপুর**	১		ভূট্টো(৪৫),পিতা-আজাদ,গ্রাম-কাজীপুর,ইউনিয়ন-কাজীপুর,উপজেলা-গাংনী,জেলা-মেহেরপুর। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ১৫,০০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে।
৪।	**ফেনী**	১		তাহমিনা পারভীন(১২),পিতা-আবুল বসর,গ্রাম-জগতপুর,ইউনিয়ন-দরবারপুর,উপজেলা-ফুলগাজী,জেলা-ফেনী। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২৫,০০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

**** অদ্য ১১-৫-২০১৮ইং তারিখে বজ্রপাতে মোট ৪ জন মারা গেছে।**

****জানুয়ারী/১৮ হতে এ পর্যন্ত সারাদেশে বজ্রপাতে সর্বমোট মৃতের সংখ্যা =১৬৭ জন।**

অগ্নিকান্ড: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কন্ট্রোল রুমে কর্মরত কর্মকর্তা জানান যে, আজ উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

স্বাক্ষরিত/১১.৫.২০১৮ইং
(জি ,এম, আব্দুল কাদের)
যুগ্মসচিব (এনডিআরসিসি)
ফোন:৯৫৪৫১১৫

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। মহা-পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮। অতিরিক্ত সচিব (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/দুর্যোগ ব্যবস্থাপনা প্রশাসন/দুব্যঃ/ত্রাণ/ত্রাণ প্রশাসন/ দুব্যক-২/ সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বা/এ,মহাখালী, ঢাকা।
১০। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। যুগ্ম সচিব (শরনার্থী সেল প্রধান /প্রশাঃ/ সেবা/দুব্যক-১/প্রশিক্ষণ/ আইন সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৬। জেলা প্রশাসক, ... (সকল)।
১৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৮। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ-১/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৯। প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
২০। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
২১। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২২। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ওত্রান মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা আছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ, **যুগ্ম-সচিব(এনডিআরসিসি), ০১৫৩৬-২৩৯২৬০**, ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ** ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০। EMAIL: ndrcc@modmr.gov.bd/ ndrcc.dmrd@gmail.com